

বিটিআরআই ইনোভেশন টিমের নভেম্বর, ২০২২ মাসের সভার কার্যবিবরণী

অদ্য ৩০/১১/২০২২ খ্রি: তারিখে বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউটের উদ্ভাবন কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে গঠিত ইনোভেশন টিম নভেম্বর, ২০২২ মাসের সভায় মিলিত হন। ড. মো: ইসমাইল হোসেন, পরিচালক (ভারপ্রাপ্ত) ও ইনোভেশন অফিসার, বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় ইনোভেশন টিম এর সদস্যগণ অংশগ্রহণ করেন। সভার শুরুতে ইনোভেশন অফিসার ড. মো: ইসমাইল হোসেন অক্টোবর মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকলের নিকট উপস্থাপন করেন। এরপর তিনি সভায় উপস্থিত সদস্যগণের নিকট হতে ইনস্টিটিউটের ইনোভেশন কাজের বর্তমান অগ্রগতি সম্পর্কে জানতে চান।

বিটিআরআই মূল ভবন হতে পরিচালক দপ্তরের মধ্যবর্তী করিডোরে “বঙ্গবন্ধু গ্যালারি ও চা সেবা কর্ণার” স্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়। “বঙ্গবন্ধু গ্যালারি ও চা সেবা কর্ণার” স্থাপন করতে ইনটেরিয়রের ডিজাইন নির্বাচন ও সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যয় নির্ধারণ করার জন্য কাজ চলমান আছে বলে সভায় জানানো হয়। এছাড়া ২০২২-২৩ অর্থ বছরের দ্বিতীয় ত্রৈমাসিকের মধ্যে ইনোভেশন সম্পর্কিত একটি প্রশিক্ষণ সম্পাদনের বিষয়ে সভায় আলোচনা হয়। আগামী ডিসেম্বর মাসের মধ্যভাগে (সম্ভাব্য তারিখ ১৯.১২.২০২২খ্রি:) এ সংক্রান্ত একটি প্রশিক্ষণ সম্পাদন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পরিচালক মহোদয় টিমের সদস্যগণকে নির্দেশ প্রদান করেন। অর্থ ব্যয়ের বিষয়ে কৃচ্ছতা সাধনের জন্য ইনস্টিটিউটের বিজ্ঞানীগণের মধ্য হতেই সংশ্লিষ্ট একজন বিজ্ঞানীকে প্রশিক্ষক হিসেবে নির্বাচন করার জন্য পরিচালক মহোদয় পরামর্শ প্রদান করেন। পাশাপাশি “বঙ্গবন্ধু গ্যালারি ও চা সেবা কর্ণার” স্থাপনের কাজটি যথাসম্ভব দ্রুত এগিয়ে নিতে পরিচালক মহোদয় টিমের সদস্যগণকে অনুরোধ করার মাধ্যমে উক্ত দিনের সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।



(ড. মো: ইসমাইল হোসেন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট

শ্রীমঙ্গল, মৌলভীবাজার

ও

ইনোভেশন অফিসার।